

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
চট্টগ্রাম
আইসিটি শাখা
www.chittagong.gov.bd

নম্বর : ০৫.৪২.১৫০০.২০২.১৩.০১০.২৩. ১৬৭

তারিখ : ০১ চৈত্র ১৪২৯
১৫ মার্চ ২০২৩

বিষয় : “স্মার্ট চট্টগ্রাম বেস্ট আইডিয়া এওয়ার্ড” প্রতিযোগিতার নির্দেশাবলী ও ফরম প্রেরণ সংক্রান্ত।


সূত্র : এ কার্যালয়ের স্মারক নং ০৫.৪২.১৫০০.২০২.১৩.০১০.২৩. ১৬৫ তারিখ : ০৭/০৩/২০২৩খি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “স্মার্ট বাংলাদেশ” বিনির্মাণের লক্ষ্যে এটুআই ইনোভেশন ফান্ড জেলা প্রশাসকগণের জন্য স্মার্ট ডিসট্রিক্ট ইনোভেশন চ্যালেঞ্জ ২০২৩ আয়োজন করেছে।

এ ধারাবাহিকতায় জেলা প্রশাসন, চট্টগ্রাম এর উদ্যোগে চট্টগ্রাম জেলাকে “স্মার্ট চট্টগ্রাম” জেলা হিসেবে গড়ে তোলার নিমিত্ত জনসাধারণের অংশগ্রহণ নিশ্চিত করা এবং “স্মার্ট বাংলাদেশ” বিনির্মাণের জনসম্পৃক্ততা বাড়ানোর লক্ষ্যে “স্মার্ট চট্টগ্রাম বেস্ট আইডিয়া এওয়ার্ড” আয়োজন করা হয়েছে। উক্ত প্রতিযোগিতার বিষয়ে তাঁর উপজেলায় ব্যাপক প্রচারণা চালানো এবং সভা/সেমিনার/কর্মশালার মাধ্যমে উপজেলা পর্যায়ে জনসম্পৃক্ততা বাড়াতে জেলা প্রশাসক মহোদয় কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়েছে।

বর্ণিতাবস্থায়, তাঁর উপজেলায় সংযুক্ত ফরম, নির্দেশাবলী ও সময়সূচী অনুযায়ী “স্মার্ট চট্টগ্রাম বেস্ট আইডিয়া এওয়ার্ড” প্রতিযোগিতা সম্পন্ন করে আগামী ২৫/০৪/২০২৩খি. তারিখের মধ্যে এ শাখায় প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে



মিল্টন বিশ্বাস
সিনিয়র সহকারী কমিশনার
জেলা প্রশাসকের কার্যালয়
চট্টগ্রাম

✉ acictchittagong@gmail.com

উপজেলা নির্বাহী অফিসার(সকল)-----উপজেলা,
চট্টগ্রাম

অনুলিপি :

০১। স্টাফ অফিসার টু ডিসি, চট্টগ্রাম (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)